

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
সরকারি পরিবহনপুল ভবন  
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা  
(উন্নয়ন শাখা)

[www.molwa.gov.bd](http://www.molwa.gov.bd)

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ  
২৯ অক্টোবর ২০২০ খ্রীঃ

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০৫.১৬.০০৫.২০-১৬৯

বিষয়: বীর মুক্তিযোদ্ধাদের নামে বিভিন্ন রাস্তাঘাট নামকরণ প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের স্মারক নং-১১.০০.০০০০.৭১১.০৬.০০৩.১৯/১৫৬, তারিখ: ০৮ অক্টোবর, ২০২০।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একাদশ জাতীয় সংসদের “মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি”র ১৩ তম বৈঠকে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

“বিভিন্ন রাস্তাঘাট বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরণ করার জন্য সকল উপজেলা নির্বাহী অফিসারদের এবং জেলা প্রশাসকদের পত্র দিয়ে জানিয়ে দেয়ার সুপারিশ করেন”

০২। উল্লেখ্য গত ২৮/০৩/২০১৯ তারিখে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ৩০৭ নম্বর স্মারকে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় নির্মিত সড়ক ও অন্যান্য অবকাঠামোসমূহ বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরণ সংক্রান্ত আবেদন/প্রস্তাবসমূহ যাচাই-বাছাইক্রমে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়নের জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগের সভাপতিত্বে ৬ সদস্য বিশিষ্ট একটি কমিটি রয়েছে (কপি সংযুক্ত)।

০৩। এমতাবস্থায়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি’র ১৩ তম বৈঠকের সিদ্ধান্তের আলোকে সকল জেলা/উপজেলার বিভিন্ন রাস্তাঘাট বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০১ ফর্দ।

  
(ড. সৈয়দ শাহজাহান আহমেদ)  
উপসচিব  
ফোন: ৪১০৫০৩৬৬  
e-mail: dsdev@molwa.gov.bd

বিতরণ: সদয় কার্যার্থে

- ১। জেলা প্রশাসক (সকল)
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (উপ-সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। মাননীয় সভাপতির (একান্ত সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব (সকল)।
- ০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। অফিস কপি।

৩৭৪৭ ০০৪৭১১ ০০০০০০ ০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উন্নয়ন ২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

১৪ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ

তারিখঃ-----

২৮ মার্চ ২০১৯ খ্রিঃ

## অফিস আদেশ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় নির্মিত সড়ক ও অন্যান্য অবকাঠামোসমূহ বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরণ আবেদন/প্রস্তাবসমূহ যাচাই-বাছাইক্রমে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করা

নং	কর্মকর্তার পদবী ও কর্মস্থল	কমিটিভুক্ত পদ
১.	অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ	সভাপতি
২.	যুগ্ম সচিব (উপজেলা অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ	সদস্য
৩.	যুগ্ম সচিব (ইউনিয়ন পরিষদ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ	সদস্য
৪.	যুগ্ম সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ	সদস্য
৫.	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি, প্রধান কার্যালয়, ঢাকা	সদস্য
৬.	উপসচিব (উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ	সদস্য-সচিব

### ২। কমিটির কার্যপরিধিঃ

- কমিটি আবেদন/প্রস্তাবের যথার্থতা যাচাইসহ সংশ্লিষ্ট উপজেলা পরিষদ এবং জেলা উন্নয়ন ও সমবায় কমিটির সুপারিশ রয়েছে কি-না তা পরীক্ষা করবে;
- কমিটি আবেদন/প্রস্তাবের বিষয়ে পরীক্ষা করবে;
- কমিটি সকল যাচাই-বাছাই/পরীক্ষা-নিরীক্ষা শেষে প্রস্তাবের পক্ষে/বিপক্ষে প্রয়োজনীয় সুপারিশ দাখিল করবে।

(শামীমা ফেরদৌস)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৭

[lgdev2@lgd.gov.bd](mailto:lgdev2@lgd.gov.bd)

### বিতরণ : কার্যার্থে-

- অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা
- যুগ্ম সচিব (উপজেলা অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা
- যুগ্ম সচিব (ইউনিয়ন পরিষদ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা
- যুগ্ম সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- উপসচিব (উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা

### অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-

- প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
- অতিরিক্ত সচিব, প্রশাসন, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
- মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।